

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৯৩

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৩৮. যে ব্যক্তি হজ্জের মাসসমূহে উমরাহ করে

بَابِ مَنْ اعْتَمَرَ فِي أَشْهُرِ الْحَجِّ

আরবী

أَخْبَرَنَا سَهْلُ بْنُ حَمَّادٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ الْحَكَمِ عَنْ مُجَاهِدٍ عَنْ ابْنِ عَبَّاسٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ هَذِهِ عُمْرَةٌ اسْتَمْتَعْنَا بِهَا فَمَنْ لَمْ يَكُنْ مَعَهُ هَدْيٌ فَلْيَحِلَّ الْحِلَّ كُلُّهُ فَقَدْ دَخَلَتْ الْعُمْرَةُ فِي الْحَجِّ إِلَى يَوْمِ الْقِيَامَةِ

বাংলা

১৮৯৩. ইবনু আব্বাস রাদ্যাল্লাহু আনহু থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন: এ সে উমরা যার মাধ্যমে আমরা উপকৃত হয়েছি। ফলে যার সাথে কুরবানীর পশু নেই, সে যেন পুরাপুরি হালাল হয়। আর উমরা কিয়ামত পর্যন্ত হজ্জের মধ্যে প্রবেশ করেছে।[1]

ফুটনোট

[1]তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আবূ দাউদ, মানাসিক ১৭৯০; আহমাদ১/২৩৬; ইবনু আবী শাইবা ৪/১০২; মুসলিম, হাজ্জ১২৪১; নাসাঈ, কুবরা নং ৩৭৯৭; বাগাবী, শারহুস সুন্নাহ নং১৮৮৬; বাইহাকী, হাজ্জ ৫/১৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন